

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬৫৫

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ নামাযে সূরা ফাতিহার গুরুত্ব

## আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ عَيَّلِ قَالَ مَنْ صَلَّى صَلَاةً لَمْ يَقْرَأْ فِيهَا بِأُمِّ الْقُرْآنِ فَهْىَ خِدَاجٌ \_ قَلْاتًا \_ غَيْرُ تَمَامٍ فَقِيلَ لأَبِى هُرَيْرَةَ إِنَّا نَكُونُ وَرَاءَ الإِمَامِ فَقَالَ اقْرَأُ بِهَا فِى نَفْسِكَ فَإِنِّى شَعْتُ رَسُولَ الله عَيْلِ يَقُولُ قَالَ اللهُ تَعَالَى قَسَمْتُ الصَّلاَةَ بَيْنِى وَبَيْنَ عَبْدِى نِصنْفَيْنِ وَلِعَبْدِى مَا سَأَلَ فَإِذَا قَالَ الْعَبْدُ الْحَمْدُ لِلهِ رَبِّ الْعَالَمِينَ قَالَ اللهُ تَعَالَى حَمِدَنِى عَبْدِى وَإِذَا قَالَ اللهُ تَعَالَى عَبْدِى وَإِذَا قَالَ اللهُ تَعَالَى عَبْدِى وَإِذَا قَالَ اللهُ تَعَالَى مَرْقَ فَوَّضَ إِلَى عَبْدِى وَإِذَا قَالَ المَّيْتُ فَالَ اللهُ تَعَالَى عَبْدِى وَإِذَا قَالَ المَّيْفِي وَلَا اللهُ تَعَالَى مَرَّةً فَوَّضَ إِلَى عَبْدِى وَإِذَا قَالَ المَّرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ قَالَ مَجَّدَنِى وَبَيْنَ عَبْدِى وَلِعَبْدِى وَلِعَبْدِى مَا سَأَلَ فَإِذَا قَالَ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ قَالَ مَرَّةً فَوَّضَ إِلَى عَبْدِى لَا المَرْاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ قَالَ المَرْرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ قَالَ المَعْرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ قَالَ هَذَا الصَرَاطَ الْمُسْرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ قَالَ هَذَا المَبْرِى وَلِعَبْدِى وَلِعَبْدِى مَا سَأَلَ فَإِذَا قَالَ المَالَّ فَقَالَ الْعَبْدِى وَلِعَبْدِى وَلِعَبْدِى مَا سَأَلَ الْمَالَا لِيَعْمُ غَيْرِ الْمُغْضِوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ قَالَ هَذَا لِعَبْدِى وَلِعَبْدِى وَلِعَبْدِى مَا سَأَلَ

## বাংলা

(৬৫৫) আবু হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি এমন কোনও নামায পড়ে, যাতে সে সূরা ফাতিহা পাঠ করে না, তার ঐ নামায (গর্ভচ্যুত ভ্রূণের ন্যায়) অসম্পূর্ণ, অসম্পূর্ণ। এক ব্যক্তি প্রশ্ন করল, (সূরা ফাতিহার এত গুরুত্ব হলে) ইমামের পশ্চাতে কিভাবে পড়া যাবে? উত্তরে তিনি বললেন, তুমি তোমার মনে মনে পড়ে নাও। কারণ, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, আল্লাহ তা'আলা বলেন, আমি নামায (সূরা ফাতিহা)-কে আমার ও আমার বান্দার মাঝে আধাআধি ভাগ করে নিয়েছি; অর্ধেক আমার জন্য এবং অর্ধেক আমার বান্দার জন্য। আর আমার বান্দা তাই পায়, যা সে প্রার্থনা করে।

সুতরাং বান্দা যখন বলে, আলহামদু লিল্লাহি রাবিবল আ-লামীন। তখন আল্লাহ তা'আলা বলেন, আমার বান্দা আমার প্রশংসা করল। অতঃপর বান্দা যখন বলে, আররাহমা-নির রাহীম। তখন আল্লাহ বলেন, বান্দা আমার স্তুতি বর্ণনা করল। আবার বান্দা যখন বলে, মা-লিকি য়্যাউমিদ্দীন। তখন আল্লাহ তা'আলা বলেন, বান্দা আমার গৌরব বর্ণনা করল। বান্দা যখন বলে, ইয়্যা-কা না'বুদু অইয়্যা-কা নাস্তাঈন। তখন আল্লাহ বলেন, এটা আমার ও আমার বান্দার মাঝে। আর আমার বান্দা তাই পায়, যা সে প্রার্থনা করে। অতঃপর বান্দা যখন বলে, ইহদিনাস স্থিরা-ত্বাল



মুস্তাকীম। স্বিরা-ত্বাল্লাযীনা আনআমতা আলাইহিম, গাইরিল মাগযবূবি আলাইহিম অলায্বযল্পীন। তখন আল্লাহ বলেন, এ সব কিছু আমার বান্দার জন্য। আর আমার বান্দা যা চায়, তাই পাবে।

## ফুটনোট

(আহমাদ ৭৮৩৬, ৯৯৩২, মুসলিম ৯০৪, আবূ দাউদ ৮২১, তিরমিয়ী ২৯৫৩, নাসাঈ ৯০৯, ইবনে মাজাহ ৩৭৮৪, আবূ আওয়ানাহ, প্রমুখ, মিশকাত ৮২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ ভ্রায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন